গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
Web: www.bspi.gov.bd
E-mail: principal.bspi@yahoo.com

স্মারক নং- ৫৭.০৩.৮৪৩৬.৩০১.১২. ০৮.২৬- ৬১৪ তারিখ: ৩০/০৬/২০২৬খ্রি.

বিষয়: **পুন: নিলাম বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র প্রতিষ্ঠানের প্রস্তাবিত ১০ তলা একাডেমি ভবন, ০৫ তলা ছাত্রাবাস, ০৫ তলা অডিটোরিয়াম কাম লাইব্রেরি, এরূপ ০৩ টি নতুন ভবন নির্মাণের নিমিত্তে প্রস্তাবিত জায়গায় বিদ্যমান মার্কিংযুক্ত ০৯ টি গাছ (রেইনট্রি কড়ই-০৩টি, ইউক্লিপটাস-০৩টি, মেহগনি-০৩টি) বিক্রয়, কাটা ও অপসারণের জন্য যোগ্য দরপত্রদাতাদের নিকট হতে উন্মুক্ত দরপত্র এর মাধ্যমে দরপত্র আহ্বান করা হয়। উক্ত পুন:দরপত্র বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের স্বার্থে আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: দরপত্রের বিজ্ঞপ্তি- ০২ (দুই) পাতা।

রূপক কান্তি বিশ্বাস
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮০২৩৩৪৪৬১৪০৪

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.০৩.৮৪৩৬.৩০১.১২. ০৮.২৬-৬১৪ তারিখ: ৩০/০৬/২০২৬খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, রামমালা, কুমিল্লা-৩৫০০
৩। সংরক্ষণ নথি

রূপক কান্তি বিশ্বাস
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
Web: bspi.polytech.gov.bd
E-mail: principal.bspi@yahoo.com

স্মারক নং- ৫৭.০৩.৮৪৩৬.৩০১.১৮.১২৫.২৬-৮০৩ তারিখ: ২৯.০৬.২০২৬ খ্রি.

# "পুণঃ নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা ঠিকাদারী প্রতিষ্ঠান ও আগ্রহী ব্যক্তিবর্গের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর অবস্থিত প্রস্তাবিত ১০ তলা একাডেমি ভবন, ০৫ তলা বিশিষ্ট ২টি ছাত্রাবাস, ০৫ তলা অডিটোরিয়াম কাম লাইব্রেরি এরুপ ০৪ টি নতুন ভবন নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত জায়গায় বিদ্যমান মার্কিং যুক্ত মোট ০৯ টি গাছ (রেইনন্ট্রি কড়ই-০৩টি, ইউক্লিপটাস-০৩টি, মেহগনি-০৩টি) বিক্রয়, কাটা ও অপসারন -এর জন্য যোগ্য দরপত্রদাতাদের নিকট হতে উন্মুক্ত দরপত্র এর মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে। মার্কিং যুক্ত (রেইনন্ট্রি কড়ই-০৩টি, ইউক্লিপটাস-০৩টি, মেহগনি-০৩টি) মোট ০৯ টি গাছ বিক্রয়, কাটা ও অপসারনের যাবতীয় জ্ঞাতব্য সম্বলিত শিডিউল নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে সকাল ০৯:০০ ঘটিকা হতে দূপুর ১:০০ ঘটিকা পর্যন্ত মার্কিং যুক্ত গাছের প্রকৃত অবস্থা সরজমিনে দেখে সংগ্রহ করা যাবে।

১। **মন্ত্রণালয়/বিভাগ :** শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২। **এজেন্সী** : বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৩। **কাজের নাম** : মার্কিং যুক্ত মোট ০৯টি (রেইনন্ট্রি কড়ই-০৩টি, ইউক্লিপটাস-০৩টি, মেহগনি-০৩টি) গাছ বিক্রয়, কাটা ও অপসারন।
৪। **নিলাম পদ্ধতি** : উন্মুক্ত দরপত্র।
৫। **নিলামের আবেদন/দরপত্র দাখিল/দরপত্র খোলার তারিখ ও সময়:**

| ক্রম নং | সিডিউল ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | সিডিউল বিক্রয় ও গ্রহণের স্থান | দরপত্র খোলার সময় ও স্থান |
|---|---|---|---|---|
| ১. | ৩০ জুন, ২০২৬ খ্রি. হতে ১২ জুলাই, ২০২৬ খ্রি. বিকাল ০৪:৩০ ঘটিকা পর্যন্ত। | ১৩ জুলাই, ২০২৬ খ্রি. ১২:৩০ ঘটিকা পর্যন্ত। | অধ্যক্ষের কার্যালয়, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা। | ১৩ জুলাই, ২০২৬ খ্রি. দুপুর ০১:০০ ঘটিকা। অধ্যক্ষের কার্যালয়, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা। |

**শর্তাবলী:**

১) আগামী ৩০.০৬.২০২৬ খ্রি. হতে ১২.০৭.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালিন সময় ক্যাশ শাখা হতে সিডিউল ক্রয় করা যাবে।

২) দরপত্র দাতাকে নির্ধারিত ছকপত্র সম্বলিত সিডিউল যথাযথভাবে পূরণ করে প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর ও সীল প্রদান পূর্বক বদ্ধ খামে উল্লিখিত তারিখ, সময় এবং নির্ধারিত স্থানে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র দাখিল করতে হবে। কোন অবস্থাতেই ডাকযোগে গ্রহণ করা হবে না।

৩) প্রতিটি সিডিউল মূল্য ১০০০/-(এক হাজার) টাকা (অফেরতযোগ্য) ।

৪) দরপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে:

ক) সিডিউল ক্রয়ের মূল রশিদ।

খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি-০১ (এক) কপি।

গ) ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশনের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

ঘ) যে কোন তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মূলে অধ্যক্ষ, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা বরাবরে দরদাতা কর্তৃক দাখিলকৃত দরের ২৫% হারে টাকা বায়না হিসাবে জমা দিয়া পে-অর্ডার/ব্যাংক এর মূল কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫) উপরে উল্লেখিত সময়ে উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হবে।

৬) একাধিক ক্রেতা একই দর (যাহা গ্রহণযোগ্য সর্বোচ্চ দর) উদ্বৃত করলে তাহা গ্রহণযোগ্য হলে লটারীর মাধ্যমে কৃতকার্য দরদাতা নির্বাচন করা হবে। স্থানীয় নিলাম কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যের নিম্নে কোনো ডাক বা দর গ্রহণযোগ্য হবে না।

২৯/০৬/২৬

৭) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র দাতার উদ্দৃত দর গ্রহনের বিষয়টি দরপত্রদাতাকে অবহিত করার ০৩ (তিন) দিনের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় টাকা সংশ্লিষ্ট কোডে ট্রেজারি চালান এর মাধ্যমে জমা দিতে হবে। নির্ধারিত সময়ে উদ্ধৃত দরের সমুদয় টাকা পরিশোধ ব্যর্থ হলে বায়নার টাকা সরকারের অনুকূলের বাজেয়াপ্ত করা হবে এবং উক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে। কৃতকার্য দরদাতাকে প্রচলিত সরকারি নিয়ম মোতাবেক সরকার নির্ধারিত ১৫% ভ্যাট ও ১০% আয়কর উদ্ধৃত দরের অতিরিক্ত হিসাবে পরিশোধ করতে হবে।

৮) গাছ অপসারনের সময় প্রতিষ্ঠানের ভবন, বিদ্যুৎ লাইন ও অন্যান্য স্থাপনার কোনো ধরনের ক্ষতি/দুর্ঘটনা হলে তার দায়িত্ব নিলাম গ্রহণকারী/ঠিকাদারকে বহন করতে হবে।

৯) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কৃতকার্য দরপত্র দাতার উদ্ধৃত দর গ্রহনের দিন থেকে গাছ সমূহের রক্ষণাবেক্ষণ ও হেফাজতের পূর্ণ দায়িত্ব গ্রহণ করবেন। ১০) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কৃতকার্য দরপত্র দাতার উদ্ধৃত দর গ্রহনের তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে গাছ কেটে অপসারণ করবেন। অন্যথায় কোনো জটিলতা সৃষ্টি হলে অত্র প্রতিষ্ঠান দায়ী থাকবে না।

১১) অধ্যক্ষ, বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই এর অনুমতি ব্যতিরেকে নিলাম গ্রহনকারী/ঠিকাদারের পক্ষে কাজ পরিচালনার জন্য প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন না। নিলাম গ্রহনকারী/ঠিকাদার তার প্রতিনিধি ও দিন মজুরদের পূর্ণ বিবরণ নিরাপত্তা কর্মকর্তার নিকট দাখিল করে কাজ শুরুর অনুমতি নিতে হবে। তার নিযুক্ত প্রতিনিধি অথবা দিনমজুরগণ যদি কোন বে-আইনী কাজ করেন তজ্জন্যে নিলাম গ্রহনকারী/ঠিকাদার সম্পূর্ণভাবে দায়ী থাকবেন।

১২) যদি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান নিলাম চলাকালীণ সময়ে নিলামে কাজে প্রকাশ্যে বিঘ্ন সৃষ্টি করে, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রয়োজনবোধে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৩) সর্বোচ্চ বা যেকোনো দর গ্রহণ করা বা না করা নিলাম কমিটির এখতিয়ারভুক্ত । এজন্য নিলাম কমিটি কাউকে কোনো প্রকার ব্যাখ্যা দিতে বাধ্য নয় এবং এ ব্যাপারে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪) কোন প্রকার কারণ দর্শানো ছাড়াই যেকোন দরপত্র বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৫) নিলামে শর্তাবলী উল্লেখ নাই এমন কোন কিছু প্রয়োজন হলে সরকারি বিধি কার্যকর হবে। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাকের নিয়মাবলী পরিবর্তন, সংযোজন বা বাতিল করার ক্ষমতা অত্র নিলাম কমিটি সংরক্ষণ করে।

২৭/০৬/২৫

**রূপক কান্তি বিশ্বাস**
অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ সুইডেন সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট ও
সদস্য সচিব, স্থানীয় গাছ কাটা নিলাম কমিটি
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।